



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

1st Term: Answer **WorkSheet- 1**

Class: 4



Subject: Bengali Text: (প্রার্থনা)

Date: 2/7/2020

১। প্রার্থনা কবিতার ১ম চলাইন কবির নাম সহ লেখ।

উঃ প্রার্থনা

- প্রিয়ম্বদা দেবী

জীবন আমার করো ফুলের মতন

শোভার আধার।

পবিত্র সুগন্ধে যেন সবাকার মন

তুষি অনিবার।

ওগো দয়াময়, তুমি থাকো সাথে সাথে

শোভা করি আমার জীবন,

শরৎ হেমন্ত গ্রীষ্ম বসন্ত বরষাতে

হে সুন্দর থাকো অনুক্ষণ।

২। দয়াময় কে? দয়াময়কে সাথে থাকার কথা কবি কেন বলেছেন?

উঃ ঈশ্বর সবাইকে দয়া করেন বলে তিনি দয়াময়।

কবি মনে করেন কেউ বিপদে পড়লে তিনি তাকে সাহায্য করবেন। গরীব, অসহায় অসুস্থ মানুষদের তিনি সেবা করবেন। মানুষের সেবা করার কাজে ঈশ্বর যেন তাকে সাহায্য করেন।

দয়াময় যেন সবসময় তার সাথে থাকেন। কবি যেন সকল সময় সব অবস্থায়, মানুষের সেবা করতে পারেন।

৩। কবি তার জীবনের প্রতি মুহূর্তে সৃষ্টিকর্তার সান্নিধ্য উপভোগ করতে চেয়েছেন কেন ?

উঃ কবি তার জীবনের প্রতি মুহূর্তে সৃষ্টিকর্তার সান্নিধ্য উপভোগ করতে চেয়েছেন। ঈশ্বর আমাদের সৃষ্টিকর্তা। তার সান্নিধ্যে আমরা প্রকৃত আনন্দ লাভ করি। তিনি আমাদের সাথে থাকলে আমাদের জীবন সুন্দর হবে। তাই কবি জীবনের প্রতি মুহূর্তে ঈশ্বরের সান্নিধ্য চেয়েছেন।

৪। কবি তার জীবনে কী করতে চেয়েছেন ?

উঃ কবি তার জীবনে মানুষের সেবা করতে চেয়েছেন। তার জীবন যেন ফুলের মতো পবিত্র হয়। তিনি যেন সারা জীবন অন্ধ, আতুর, দুঃখী, ও অনাথ মানুষদের সেবা করতে পারেন। ঈশ্বর যেন তার প্রাণে জোর দিয়ে মনে বল দিয়ে তার কাজ করার শক্তি দেন। তিনি যেন মানুষের সেবার মাধ্যমে ঈশ্বরের সেবা করতে পারেন।

Manashi Chaudhuri